

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩০৫

তারিখ: ৩ অগ্রহাষণ ১৪২৮

১৮ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৬৬৮৪/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার মনোহরদী উপজেলা মনোহরদী সরকারী কলেজ এর ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষের দ্বাদশ শ্রেণি, রোল নং-১৪৭, জনাব মোঃ মামুন মিয়া নিয়মিত ছাত্র। এইচ.এস.সি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত প্রাক-নির্বাচনী এবং সর্বশেষ নির্বাচনী পরীক্ষায় সফলতার সহিত কৃতকার্য হওয়ায় এইচ.এস.সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম ফিলাপ করতে কলেজে শরণাপন্ন হলে কলেজ কর্তৃপক্ষ জানান রেজিস্ট্রেশন সম্পন্ন হয় নাই। অধ্যক্ষের নিকট রেজিস্ট্রেশনের খবর জানতে গেলে সময়ক্ষেপণ করেন এবং আগামী বছরের জন্য পরীক্ষার প্রস্তুতি নিতে বলেন। পরবর্তীতে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর ২৪/১২/২০২০ ইং তারিখে আবেদন করেন।

মনোহরদী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় হতে গত ১৫/১২/২০২০ ইং তারিখে সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-কে অনুরোধ করেছিলেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংস্কৃদ্ধ হয়ে জনাব মোঃ মামুন মিয়া মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৬৮৪/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০৯/১১/২০২১খ্রি. তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“The Respondent No. 3 is hereby directed to dispose of the office letter dated 15.12.2020 (as contained in Annexure- ‘F-1’ of the instant writ petition) considering the documents so have been placed, in accordance with law, within a period of 7 (seven) days from the date of receipt of the copy of this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৬৬৮৪/ ২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এর গত ১৫/১২/২০২০ ইং তারিখের আবেদনটি (Annexure-F-1) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার তথ্য ডাটা বেইজে এন্ট্রি করাসহ সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩০৫/১

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৮

১৮ নভেম্বর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) অধ্যক্ষ, মনোহরদী সরকারি কলেজ, মনোহরদী, নরসিংদী।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, মনোহরদী, নরসিংদী
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব